

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

এফইআইডি সার্কুলার পত্র নম্বর : ০৪/২০১৩

০৬ চৈত্র ১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ -----

২০ মার্চ ২০১৩ খ্রিস্টাব্দ

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮বি ধারার আওতায়

অনুমোদন গ্রহণ ও নবায়ন প্রক্রিয়া উদারিকরণ প্রসঙ্গে।

বাংলাদেশে নিবন্ধিত নয় এমন প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে শাখা/লিয়াজোঁ অফিস বা অন্য কোনো ব্যবসায়িক অবস্থান (business place) স্থাপনের জন্য বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮বি ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক হতে সাধারণ বা বিশেষ পূর্বানুমোদন গ্রহণ করতে হয়। আবার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮বি ধারার আওতায় অনুমতি প্রাপ্ত অনিবাসী প্রতিষ্ঠানের শাখা/লিয়াজোঁ অফিস বা অন্য ব্যবসায়িক অবস্থানে (business place) কর্মরত অনিবাসী নাগরিকগণকে একই আইনের ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক হতে সাধারণ বা বিশেষ অনুমোদন গ্রহণ করতে হয়। উক্ত অনুমোদন গ্রহণ প্রক্রিয়ায় কালক্ষেপণজনিত কারণে প্রাসঙ্গিক ব্যবসায়িক কার্যক্রম শুরুর ক্ষেত্রে বিলম্ব পরিহারের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো অবিলম্বে কার্যকর হবেঃ

(১) অত্র কার্যালয় হতে অনুমোদন গ্রহণের উদ্দেশ্যে Guidelines for Foreign Exchange Transactions (Vol.-1), 2009 এর App. 6/3 এবং অত্র বিভাগের ২৩/১১/২০১০ তারিখের সার্কুলার পত্র নং-০২/২০১০ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রাসঙ্গিক দলিলাদিসহ আবেদনপত্র সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠানের উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরে অনুমোদিত ডিলার ব্যাংকে দাখিল করতে হবে।

(২) আবেদনপত্র ও এতদসঙ্গে দাখিলকৃত দলিলাদি যথাযথ হওয়ার বিষয়ে প্রত্যয়নসহকারে এবং অনুমোদন প্রদানের সুপারিশসহকারে অনুমোদিত ডিলার ব্যাংক শাখার বৈদেশিক মুদ্রা সংক্রান্ত কার্যক্রমের প্রধান কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত ফরোয়ার্ডিং পত্রের (সংযোজনী-১ ও ২ এ প্রদত্ত ছকে) ইলেকট্রনিক কপি বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগের মহাব্যবস্থাপক মহোদয়ের বরাবরে (gm.feid@bb.org.bd) প্রেরণ করতে হবে। একই সাথে ফরোয়ার্ডিং পত্রের হার্ডকপি ও দাখিলযোগ্য সমুদয় দলিলাদিও একই প্রাপকের বরাবরে একই দিনে প্রেরণ করতে হবে। ইলেকট্রনিক মাধ্যমে প্রেরিত বার্তাটির সূত্রে বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ হতে একটি প্রাথমিক অনুমোদন প্রদানপূর্বক অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় পরবর্তী কার্যদিবসে জানানো হবে। এই প্রাথমিক অনুমোদনটি অনিবাসী প্রতিষ্ঠানের শাখা/লিয়াজোঁ অফিস বা অন্য ব্যবসায়িক অবস্থান (business place) স্থাপন সংক্রান্ত আবেদন এবং/অথবা উক্ত ধরনের শাখা/লিয়াজোঁ অফিস বা অন্য ব্যবসায়িক অবস্থানে (business place) কার্যক্রম পরিচালনার জন্য অনিবাসী নাগরিকের আবেদনের অস্থায়ী অনুমোদন হিসেবে বিবেচিত হবে এবং এর মেয়াদ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। এই ব্যবস্থা বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

(৩) একই দিনে বাংলাদেশ ব্যাংকে প্রেরিত আবেদনপত্র ও সংশ্লিষ্ট দলিলাদি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে/অফিসে হার্ডকপিতে প্রাপ্তির পর বিশদ পর্যালোচনায় অসম্পূর্ণতা পরিলক্ষিত হলে প্রয়োজনীয় দলিলাদি এবং ব্যাখ্যা/তথ্য চাওয়া হবে। যাচিত দলিলাদি এবং ব্যাখ্যা/তথ্যের সন্তোষজনক জবাব সর্বোচ্চ ০৮ (আট) সপ্তাহের মধ্যে পাওয়া না গেলে প্রাথমিক অস্থায়ী অনুমোদন বাতিল করে নির্দেশ জানানো হবে। অন্যদিকে, আবেদন যথাযথ ও সম্পূর্ণ পাওয়া গেলে আনুষ্ঠানিক অনুমোদনপত্র ইস্যু করা হবে।

(৪) ব্যাংক শাখার ফরোয়ার্ডিং পত্র নির্ধারিত ছকে (সংযোজনী-১ ও ২) এবং অত্র সার্কুলারপত্রের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে প্রেরিত না হলে প্রাপ্তি স্বীকার করা হবে না এবং সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠানটি প্রাথমিক অনুমোদনপ্রাপ্ত বলে বিবেচিত হবে না।

অঃ পৃঃ দ্রঃ

(৫) বিদেশী প্রতিষ্ঠানের অনুমোদনপ্রাপ্ত এদেশীয় শাখা/লিয়াজেঁ অফিস বা অন্য ব্যবসায়িক অবস্থানের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয়করণ সংক্রান্ত প্রত্যয়নপত্র দাখিলের ক্ষেত্রে অত্র বিভাগের ২৩/১১/২০১০ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০২ এ প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে। উল্লেখ্য যে, উক্ত সার্কুলারপত্রের নির্দেশনা অনুসারে বর্ণিত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযোজিত পাওয়া না গেলে অনুমতি বাতিলের বিষয়টি বাংলাদেশ ব্যাংক প্রাপ্তে বিবেচিত হতে পারে।

(৬) উপর্যুক্ত নির্দেশনাসমূহ জারীর প্রেক্ষিতে গত ২৮/০১/২০১৩ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০১/২০১৩ এর (চ) অনুচ্ছেদটি বাতিল বলে গণ্য হবে।

উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা গ্রহণসহ সংশ্লিষ্ট সকল গ্রাহককে অবহিত করার জন্য অনুমোদিত ডিলার ব্যাংক শাখাগুলোকে পরামর্শ দেয়া যাচ্ছে। এক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংকের কোনো গাফিলতি/শেখিল্যের কারণে আমদানী-রপ্তানীসহ অন্যান্য ব্যবসায়িক কার্যক্রমে বিঘ্ন ঘটলে কিংবা এতদসংক্রান্ত বিষয়ে গ্রাহক হয়রানির অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
-স্বা/-
(নুরুল নাহার)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫১২৬০৫।

E-mail Application of the AD Bank.

Annexure-1

Ref. No.

Date:

The General Manager
Foreign Exchange Investment Department
Bangladesh Bank
Head Office
Dhaka.

Dear Sir,

Application for Permission (or Renewal of Permission)
under Section-18B of Foreign Exchange Regulation Act, 1947.
Bangladesh Bank Permission No:-----.

We are submitting the application of ----- (Name of the Applicant) for granting permission (or renewal of permission) under Section-18B of Foreign Exchange Regulation Act, 1947.

We hereby certify that all the required documents mentioned in the App. 6/3 of Guidelines for Foreign Exchange Transactions (Vol.-1), 2009 and Circular Letter No.-02/2010, dated 23/11/2010 has been received from ----- (Name of the Applicant) and verified by us. We also certify that all the documents are found genuine and correct. We confirm that the applicant has already repatriated required foreign currency to establish/operate the branch/liaison/representative office as per condition given in the permission letter of Board of Investment and encashed by us.

We have already submitted all these documents (hard copy) to your good office for granting permission under Section-18B of Foreign Exchange Regulation Act, 1947.

We hereby also certify that all the necessary office expenses were met from the remittances brought in Bangladesh from abroad by the branch (or liaison or representative office) (and/or expenses met from the local source of income since the branch/liaison/representative office has got waiver from the condition 2(iii) of Bangladesh Bank's permission letter) and accurately furnished in the Certificate (as per Circular Letter No.-02/2010, dated: 23/11/2010) attached with all other documents submitted to Bangladesh Bank.

We recommend hereby to kindly accord permission to ----- (Name of the Applicant) under Section-18B of Foreign Exchange Regulation Act, 1947.

Name:

Designation:

Phone:

Fax:

E-mail:

E-mail Application of the AD Bank.

Annexure-2

Ref. No.

Date:

The General Manager
Foreign Exchange Investment Department
Bangladesh Bank
Head Office
Dhaka.

Dear Sir,

Application for Permission (or Renewal of Permission)
under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.
Branch/Laision/Representative Office Name:-----

We are submitting the application on behalf of foreign expatriate Mr./Ms. ----- for granting permission (or renewal of permission) under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

We hereby certify that all the required documents mentioned in the App. 6/3 of Guidelines for Foreign Exchange Transactions (Vol.-1), 2009 has been received from Mr./Ms.----- and verified by us. We also certify that all the documents are found genuine and correct. We confirm that Mr./Ms.----- has been maintaining an account with our branch.

We have already submitted all these documents (hard copy) to your good office for granting permission under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

We recommend hereby to kindly accord permission to Mr./Ms. ----- under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

Name:

Designation:

Phone:

Fax:

E-mail:

- ১। সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগের সকল শাখা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/সদরঘাট, ঢাকা।
- ৪। গভর্নর মহোদয়ের ব্যক্তিগত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
- ৯। অতিরিক্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব, বানিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিব, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিল্পভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ১২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৩। কান্ট্রি ডিরেক্টর, বিশ্ব ব্যাংক, ঢাকা অফিস, ই-৩২ আগারগাঁও, ঢাকা।
- ১৪। আবাসিক প্রতিনিধি, আন্তর্জাতিক অর্থ তহবিল (আইএমএফ), বাংলাদেশ ব্যাংক ভবন, ঢাকা।
- ১৫। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
- ১৬। মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক, জুবিলী ব্যাংক লিঃ, রেজিষ্টার্ড অফিস, ৯-এফ, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৮। চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ইকবাল সেন্টার (১৩তম তলা), ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।
- ১৯। চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপেণ্ডক্স (১২ তলা), ৭৩ কাকরাইল, ঢাকা।

-স্বা/-

(মোহাম্মদ মিজানুর রহমান)

সহকারী পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৮৭।